



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১০২

## ২৮ নভেম্বর পর্যন্ত নেওয়া যাবে এইচপিভি টিকা

রাজশাহী; ০৫ অগ্রহায়ণ (২০ নভেম্বর) :

আজ বুধবার (২০ নভেম্বর) সকালে রাজশাহী নগর ভবনে জাতীয় হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (এইচপিভি) টিকাদান ক্যাম্পেইন এর সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার ও রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) প্রশাসক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন করীর।

এইচপিভি টিকাদান ক্যাম্পেইন ২৪ নভেম্বর হতে আগামী ২৮ নভেম্বর পর্যন্ত চারদিন সময় বৃদ্ধি করা হয়েছে জানিয়ে বিভাগীয় কমিশনার বলেন, নগরীতে যে সকল শিক্ষার্থীরা এখনও এইচপিভি টিকা গ্রহণ করেনি তাদেরকে ক্যাম্পেইনের এই বর্ধিত সময়ের মধ্যে টিকা গ্রহণ করতে হবে। সরকারের বিনামূল্যের এ টিকা অত্যন্ত কার্যকর। এ টিকা গ্রহণে শিক্ষার্থী ও অভিভাবককে উদ্বৃদ্ধি করতে সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষককে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। বিদ্যালয়ের শিক্ষার্থী ও বিদ্যালয় বহির্ভূত যারা এখনও এ টিকা গ্রহণ করেননি তাদের সকলকে অতিসত্ত্ব টিকা গ্রহণ করতে আহ্বান জানান তিনি।

এইচপিভি টিকাদান ক্যাম্পেইন ২৪ নভেম্বর হতে আগামী ২৮ নভেম্বর পর্যন্ত ০৪ (চার) দিন সময় বৃদ্ধি করা হয়েছে। বিদ্যালয় পর্যায়ে ৫ম থেকে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত এবং শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ১০-১৪ বছর বয়সী সকল কিশোরীকে এ টিকা প্রদান করা হচ্ছে।

রাজশাহী মহানগরীতে এইচপিভি টিকাদান ক্যাম্পেইনের সার্বিক অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন রাসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ড. এফ এ এম আঞ্জুমান আরা বেগম।

সভায় উপস্থিত ছিলেন বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. মো. জাফরুল হোসেন, রাসিক সচিব মো. মোবারক হোসেন, প্রাথমিক শিক্ষা রাজশাহীর উপ-পরিচালক মো. সানাউল্লাহ, জেলা পরিবার পরিকল্পনা উপ-পরিচালক ডা. কন্তরী আমিনা কুইন, বিশ্ব স্বাস্থ্য সংস্থার বিভাগীয় সমন্বয়কারী ডা. কামরুজ্জামান, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক মো. আনিসুজ্জামান সিকদার, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. বায়েজীদ উল ইসলাম, রাসিকের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সাদিয়া আফরিন প্রমুখ।

.....  
আতিক/আরিফ/আলীম/রাফিদ/২০২৪/১৫.৪০ঘ.